দৈনিক জনকণ্ঠ

SEP. 27 1999

তারিখ ... ... SEP. 2.. 1999...
পৃষ্ঠা 12 কলাম 6.....

59

চমেক শিক্ষক সমিতির সিদ্ধান্ত

## ডাক্তারের ওপর হামলাকারীরা গ্রেফতার না হলে কাল থেকে চিকিৎসা বন্ধ

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** চট্টগ্রাম মেডিক্যাল কলেজের অধ্যাপক ডাঃ নীলকান্ত ভট্টাচার্যের ওপর সশস্ত্র হামলাকারীদের আজ সোমবারের মধ্যে গ্রেফতারে ব্যর্থ হলে কাল মঙ্গলবার থেকে চট্টগ্রাম মেডিক্যালে চিকিৎসা কার্যক্রম বন্ধ থাকবে। একমাত্র জরুরী বিভাগ খোলা থাকবে।

উল্লেখ্য, গত শুক্রবার নগরীর খুলশী আবাসিক এলাকায় ডাঃ নীলকান্তের নির্মাণাধীন ভবনে চাঁদাবাজরা হামলা চালায়। চাঁদা পেতে ব্যর্থ হলে তারা ডাক্তার ও তাঁর স্ত্রীকে মারধর করে।

এ ঘটনার প্রতিবাদে বিএমএ চট্টগ্রাম শাখা ও চমেক শিক্ষক সমিতির যৌথ উদ্যোগে বিক্ষোভ মিছিল ও জিইসি মোড়ে বিএমএ ভবনের সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বিএমএ ও চমেক শিক্ষক সমিতি নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।